তারিখ JUL 27 1999
পৃষ্ঠা ৮ কলাম ৭

দৈনিক ইনকিলাব

51

## মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্তের প্রতিবাদে খুলনায় বিক্ষোভ সমাবেশ

খুলনা ব্যুরো ঃ বর্তমান সরকার দেশে ইসলামী শিক্ষা বন্ধ করার অশুভ পাঁয়তারা চালানোর পদক্ষেপ হিসেবে দেশের অনেক মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার, এমপিও বাতিল করার প্রতিবাদে খুলনা মহানগর বিএনপি নগরীতে এক বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে।

গত শুক্রবার কেডিএ ঘোষ রোডস্থ কার্যালয়ের সামনে সমাবেশে বক্তারা বলেছেন– এ দেশে ভারতীয় দাদাদের পরামর্শ মোতাবেক সুদূর প্রসারী ভারতীয় কালচার প্রবর্তনের নীল নকশা বাস্তবায়নের পথ চূড়ান্ত করার উদ্দেশ্যে দেশের জনগণকে ইসলামী শিক্ষার আলো থেকে বঞ্চিত করতে সরকার মাদ্রাসার স্বীকৃতি বাতিল অথবা প্রত্যাহার ও এমপিও বাতিল করার পদক্ষেপ নিয়েছে।

বক্তারা আরও বলেন– হাসিনার সরকার এ দেশকে ধর্মনিরপেক্ষ দেশ বানানোর ষড়যন্ত্রে লিপ্ত। আর দেশকে ধর্মনরিপেক্ষ বানানোর অন্তরায় দেশের ইসলামী শিক্ষার প্রতিষ্ঠান মাদ্রাসাগুলো। সে কারণে অত্যন্ত সুকৌশলে সরকার একের পর এক মাদ্রাসা শিক্ষার ওপর হস্তক্ষেপ শুরু করেছে।

এম নূরুল ইসলাম দাদুর সভাপতিত্বে বক্তারা দেশের ইসলাম প্রিয় তৌহিদী জনগণকে আওয়ামী সরকারের ইসলামী শিক্ষা বন্ধের কার্যকলাপের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহবান জানিয়ে বলেন– এ দেশের ধর্মপ্রাণ জনগণের একজনও জীবিত থাকতে সরকারের নীল নকশার বাস্তবায়ন হতে দেবে না।

মাদ্রাসা বন্ধের চক্রান্তের প্রতিবাদে গত শুক্রবার খুলনায় জাতীয় পার্টি, জামায়াতে ইসলামী, ইসলামী ঐক্যজোট ও ইসলামী শাসনতন্ত্র আন্দোলন পৃথক পৃথকভাবে সমাবেশ ও বিক্ষোভ মিছিল পালন করেছে। সমাবেশগুলোতে বলা হয়েছে যে, সরকার এদেশ থেকে ইসলামী শিক্ষা তুলে দেয়ার ষড়যন্ত্রে লিপ্ত।

## মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে খানসামায় জমিয়তে মোদার্রেছীনের স্মারকলিপি প্রদান

দিনাজপুর অফিস ঃ দিনাজপুর জেলা শাখা জমিয়াতুল মোদার্রেছীনের ঘোষিত কর্মসূচী অনুযায়ী বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীন খানসামা থানা শাখা আয়োজিত থানার সকল মাদ্রাসার শিক্ষিক ও কর্মচারীদের নিয়ে দেশের মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে ২২ জুলাই থানা হেড কোয়ার্টারে এক বিক্ষোভ মিছিল ও থানা নির্বাহী অফিসার বরাবরে স্মারকলিপি প্রদানের জন্য এক কর্মসূচী পালিত হয়। উক্ত স্মারকলিপি প্রদান অনুষ্ঠানে মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে বক্তব্য রাখেন, সভাপতি মোঃ নূরুল ইসলাম, সহ-সভাপতি মোহাম্মদ আব্দুল হান্নান, সহ-সভাপতি মোঃ আজিজুর রহমান ও সম্পাদক মোঃ রিয়াজুল ইসলাম। অনুষ্ঠানে বক্তাগণ স্বীকৃতি ও এমপিও বাতিলকৃত মাদ্রাসার স্বীকৃতি ও এমপিও পুনঃ চালুকরণ, মেধাভিত্তিক মাদ্রাসার ছাত্র/ছাত্রীদের সকল বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ প্রদান, মাদ্রাসা স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের নীতিমালা শিথিল, আল-কোরআনের অবমাননাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান, সকল এবতেদায়ী মাদ্রাসায় বিনামূল্যে ছাত্র/ছাত্রীদের বই প্রদান ও স্বতন্ত্র এবতেদায়ী শিক্ষকদের বেতন-ভাতা প্রদানসহ সকল বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের মাসিক বেতন-ভাতাদি পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যেই দেয়ার জন্য ব্যবস্থা গ্রহণসহ অন্যান্য দাবী-দাওয়া পেশ করেন।